# প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কার্যপরিধি

# (টিওআর)

## “বিকেএসপি’র প্রমিলা প্রশিক্ষণার্থীদের উন্নয়ন”

পরিবীক্ষণ ও মূল্যায়ণ সেক্টর-৬ (শিক্ষা ও সামাজিক)
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬
www.imed.gov.bd

**নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):**

## ক. প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

| | | | |
|---|---|---|---|
| ১.০ | **প্রকল্পের নাম** | : | "বিকেএসপি'র প্রমিলা প্রশিক্ষণার্থীদের উন্নয়ন" শীর্ষক প্রকল্প। |
| ২.০ | **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** | : | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় । |
| ৩.০ | **বাস্তবায়নকারী সংস্থা** | : | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান। |
| ৪.০ | **প্রকল্প এলাকা/অবস্থান** | : | বিকেএসপি, জিরানী, সাভার, ঢাকা। |
| ৫.০ | **প্রকল্পের অনুমোদিত ব্যয়** | : | ৪৭৩৬.৪৩ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি)। |
| ৬.০ | **প্রকল্প বাস্তবায়নকাল** | : | জুলাই ২০১৭ হতে জুন ২০২২ । |

**৭.০ প্রকল্পের পটভূমি :**

১৯৭১ সালে স্বাধীনতার পর বাংলাদেশ আর্থ-সামাজিক অবকাঠামো উন্নয়নের পাশাপাশি ক্রীড়া উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। সেই পেক্ষাপটে সরকারী ও বেসরকারী খাতে ক্রীড়া উন্নয়নে ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়। তারই ধারাবাহিকতায় বাংলাদেশের ক্রীড়ার মান আন্তর্জাতিক মানের করার উদ্দেশ্য ১৯৭১ থেকে ২০১৬ পর্যন্ত একাধিক প্রকল্প গ্রহণ করা হয়। ইতোমধ্যে মাষ্টার প্লানের ৯০% কাজ সম্পন্ন করা হয়েছে। আঞ্চলিক পর্যায়ে ক্রীড়া প্রসারের লক্ষ্যে প্রত্যেক বিভাগে একটি করে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। সকল আঞ্চলিক প্রতিষ্ঠান থেকে প্রতিভাবান খেলোয়াড়দের উন্নত প্রশিক্ষণের জন্য ঢাকা কেন্দ্রে নিয়ে আসা হয়। ঢাকা কেন্দ্রে বিজ্ঞান ভিত্তিক আধুনিক প্রশিক্ষণের ব্যবস্থার মাধ্যমে প্রশিক্ষণার্থীদের যোগ্যতার চূড়ান্ত উত্তীর্ণের ব্যবস্থা করা হয়। সেই লক্ষ্যে ঢাকা কেন্দ্রকে আধুনিক সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে সেন্টার অব এক্সিলেন্ট হিসেবে তৈরী করা। বিকেএসপি'র ঢাকা ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রগুলোর অবকাঠামো উন্নয়ন হয়েছে কিন্তু প্রমিলাদের জন্য আলাদা অবকাঠামো ও দক্ষ বিশেষজ্ঞের অভাব থাকায় আধুনিক প্রশিক্ষণের অসুবিধা হচ্ছে। এমতাবস্থায়, প্রমিলাদের জন্য আলাদা অবকাঠামো নির্মাণ এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের বাবস্থা করার লক্ষ্যে "বিকেএসপি'র প্রমিলা প্রশিক্ষণার্থীদের উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়।

**৮.০ প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা :**

দেশে ক্রীড়া ক্ষেত্রে সম্ভাবনাময় ও প্রতিভাবান নবীন প্রমিলা খেলোয়াড়গণকে দীর্ঘ মেয়াদী বিজ্ঞান ভিত্তিক উন্নত প্রশিক্ষণ প্রদান পূর্বক আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে দেশের সুনাম বৃদ্ধি করা ;

(১) বিদ্যমান প্রশিক্ষকদের পাশাপাশি প্রকল্পে অন্তর্ভুক্ত দেশী ও বিদেশী বিশেষজ্ঞ দ্বারা প্রকল্পে ২০০ জন প্রমিলা ও বিকেএসপি ২৫০ জন প্রমিলা বিজ্ঞান ভিত্তিক আধুনিক প্রশিক্ষণের আওতায় আসবে। ফলে প্রমিলাদের খেলার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত হবে ;

(২) বিদ্যমান অবকাঠামো সঙ্গে আধুনিক যন্ত্রপাতি সংযোগের মাধ্যমে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থ্য করা। এতে করে উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে এদেশের প্রমিলাদের আধুনিক প্রশিক্ষণের মাধ্যমে আন্তর্জাতিক পর্যায়ে ভাল ফলের মাধ্যমে দেশের সুনাম বয়ে নিয়ে আসা ।

৯.০ **প্রকল্পের মূল কার্যক্রম/প্রধান প্রধান অঙ্গ ও ব্যয় :**

**(লক্ষ টাকায়)**

| অঙ্গের নাম (পরিমাণসহ) | পরিমাণ/সংখ্যা | অনুমোদিত ব্যয় |
|---|---|---|
| সরঞ্জামাদি ও যন্ত্রপাতি | ৪১টি | ২৫০.০০ |
| আসবাবপত্র | ১১৫৯টি | ১৫০.০০ |
| প্রমিলা প্রশিক্ষণার্থী হোস্টেল | ৫২০০ বঃমিঃ | ১৪৫৫.৬৫ |
| ইনডোর ক্রিকেট সেন্টার | ৯০০ বঃমিঃ | ৩২৫.০০ |
| সুইমিংপুল (জিমসহ) | ১৩৬০ বঃমিঃ | ৬০০.০০ |
| সাব-স্টেশনসহ এরিয়া লাইটিং | ৫০০ কেভিএ | ১৬২.৭৮ |
| গ্যালারি, ল্যান্ডস্কোপ ও ড্রেইন | ৫৩২ বঃমিঃ | ২০০.০০ |
| সীমানা প্রাচীর | ৬৭১ বঃমিঃ | ৯৮.০০ |
| রাস্তা ও গ্যারেজ | ৬৬৯ বঃমিঃ | ২৫০.০০ |
| খেলার সামগ্রী | ৫৭৯৮টি | ১৫০.০০ |
| প্রশিক্ষণ ব্যয় | ২২২ জন | ১০০০.০০ |
| বৈদেশিক সফর | ১০ জন | ৫০.০০ |
| পরামর্শক | ১৮ জনমাস | ৩০.০০ |
| সম্মানী ফি | থোক | ১০.০০ |
| বিবিধ | থোক | ৫.০০ |

**খ) <u>পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (TOR)</u> :**

১০. **পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ**

১০.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ ;

১০.২ প্রকল্পের অর্থবছর ভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছর ভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১০.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা (PPR, উন্নয়ন সহযোগির গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি-না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য বিভিন্ন পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি-না তা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.৭ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, অব্যবস্থাপনার অদক্ষতা এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যোলোচনা;

১০.৮ প্রকল্পের অনুমোদন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১০.৯ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যবেক্ষণ ও পর্যালোচনা ;

১০.১০ প্রকল্প সমাপ্তির সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১০.১১ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প বাবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT Analysis;

১০.১২ প্রকল্পের সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১০.১৩ প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০.১৪ প্রকল্পের ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পন্ন হয়েছে কি না, হলে উক্ত প্রকল্পে অডিট আপত্তি আছে কি না,থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি বিষয় সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা করা;

১০.১৫ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

## ১১. পরামর্শক প্রতিষ্ঠানের প্রকৃতি ও যোগ্যতা :

| ক্রঃনং | পরামর্শকের ধরণ | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | পরামর্শক প্রতিষ্ঠান | | গবেষণা এবং প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা। |
| ২ | **পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক** | | |
| | (ক) টীম লিডার | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | ক) সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা ।<br>খ) টিম লিডার হিসেবে প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ (তিন) বছেরর অভিজ্ঞতাসহ প্রকল্প বাস্তবায়ন বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে ।<br>গ) সরকারী ক্রয় কার্যক্রম সম্পর্কিত অভিজ্ঞতা;<br>ঘ) কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা। |
| | (খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার | নূন্যতম সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী । | ক) সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ।<br>খ) পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা । |
| | (গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/ সমাজকর্ম বিষয়ে ন্যুনতম স্নাতকোত্তর ডিগ্রী । | ক) সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ।<br>খ) পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা । |
| | (ঘ) পরিসংখ্যানবিদ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী | ক) তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>খ) সার্ভে, ডাটা ম্যানেজমেন্ট, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা। |

১২. **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে :**

| ক্রমিক | প্রতিবেদনের নাম ও সংখ্যা | দাখিলের সময় |
|---|---|---|
| ১. | ইনসেপশন প্রতিবেদন (টেকনিক্যাল ১২ + স্টিয়ারিং ১২) কপি | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২. | ১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ১২ + স্টিয়ারিং ১২) কপি | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে |
| ৩. | ২য় খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল ১২ কপি) এবং<br>(ডেসিমিনেশন কর্মশালা ৮০ কপি) | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে |
| ৪. | চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে) (বাংলা ৪০ + ইংরেজী ২০) কপি | চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে |

*সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ ( শিক্ষা ও সামাজিক), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Unicode Based Font হতে হবে।

## ১৩. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয় :

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পিসিআর/মূল্যায়ন প্রতিবেদন) এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।